ইত্তেফাক

তারিখ ... ২২।১২।৭৯ ...
পৃষ্ঠা ... কলাম ...

৩৭৪

## ডঃ জি, সি দেবের জন্মবার্ষিকী পালনের উদ্যোগ

( ইত্তেফাক রিপোর্ট )

১লা জানুয়ারী ডঃ জি, সি দেবের জন্মবার্ষিকী। ঢাকাস্থ দিনাজপুর সমিতি এইদিন ৬০, মতিঝিলে আলোচনা সভার আয়োজন করিবে। ডঃ দেব দিনাজপুর কলেজের অন্যতম প্রতিষ্ঠাতা। ঢাকা প্রবাসী দিনাজপুরের প্রাক্তন ছাত্রদের ২৭শে ডিসেম্বরের মধ্যে সমিতি কার্যালয়ে যোগাযোগ করিতে বলা হইয়াছে।

## জা নগর বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছুদের জ্ঞাতব্য

জাহাংগীরনগর (সাভার), ২১শে ডিসেম্বর (বাসস)—জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ১৯৭৯-৮০ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ অনার্স ক্লাসে ভর্তি ২৭শে ডিসেম্বর পর্যন্ত চলিবে। প্রথম তালিকায় যাহাদের নাম রহিয়াছে, তাহাদের উল্লিখিত তারিখের মধ্যে ভর্তি হইতে বলা হইয়াছে। অন্যথায় তাহাদের নির্বাচন বাতিল বলিয়া গণ্য হইবে এবং দ্বিতীয় তালিকাভুক্তদের দ্বারা শূন্য আসনগুলি ২৮শে ডিসেম্বর হইতে পূরণ করা শুরু হইবে।